গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur
www.dgc.edu.bd

☎:0531-63360, 🖷:0531-61953 E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০-২১/২০২১/১৭৯ তারিখ: ১৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম রিলিজ স্লিপে মেধা তালিকায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের প্রতি নির্দেশাবলি:

(সূত্র: স্মারক নং-১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২১/২৪৫৬ তারিখ: ০১/১১/২০২১)

২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ১ম রিলিজ স্লিপে ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্র. নং	বিবরণ	তারিখ
(ক)	১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহণের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Application Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে।	০৪/১১/২০২১ থেকে ১৩/১১/২০২১
(খ)	১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি ও রেজিস্ট্রেশন ফি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমাদানের পর চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট বিভাগে জমা দেয়ার তারিখ:	০৬/১১/২০২১ থেকে ১৪/১১/২০২১
(গ)	কলেজ কর্তৃক ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোনো শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গরমিল পরিলক্ষিত হতে সংশ্লিষ্ট কলেজ কর্তপক্ষে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবরে জানাতে হবে।	০৬/১১/২০২১ থেকে ১৫/১১/২০২১
(ঘ)	সংশ্লিষ্ট কলেজকে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফি (জনপ্রতি ৪৮৫/- টাকা) যেকোনো সোনালী ব্যাংকের শাখায় জমা দেয়ার তারিখ:	১৬/১১/২০২১ থেকে ২২/১১/২০২১

ভর্তি ফি এর পরিমাণ (রেজিস্ট্রেশন ফি সহ):

বিভাগের নাম	টাকার পরিমাণ	মন্তব্য
বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা	৩০৩০/-	সকল বিভাগের পরিশোধকৃত মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা
পদার্থবিদ্যা	৩৪৭০/-	
রসায়ন	৩৫১০/-	
গণিত	৩৫২০/-	
উদ্ভিদবিদ্যা	৩৪৩০/-	
প্রাণিবিদ্যা	৩৩৮০/-	

বিশেষ জরুরি দ্রষ্টব্য: কলেজের ওয়েব সাইটের মাধ্যমে ভর্তির সময় অবশ্যই শিক্ষার্থীর নিজের মোবাইল সচল নম্বর ব্যবহার করতে হবে এবং উক্ত মোবাইল নম্বর কলেজের রেজিস্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত অবশ্যই ব্যবহার করতে হবে। কোনক্রমেই পিতা/মাতা/আইনত বৈধ অভিভাবক ছাড়া ভাই, বোন, আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব বা অন্য কারও মোবাইল নম্বর ব্যবহার করা যাবে না। কলেজের সকল গুরুত্বপূর্ণ নোটিশ প্রদানকৃত মোবাইলে এস.এম.এস এর মাধ্যমে জানানোর স্বার্থে অবশ্যই বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

১। **ভর্তির সময় নিম্নবর্ণিত কাজগপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে:**

(ক) ভর্তির জন্য উত্তোলিত চূড়ান্ত ভর্তি ফরম ও ভর্তি ফি জমাদানের অনলাইনের প্রিন্ট কপি।

(খ) ভর্তির প্রাথমিক আবেদনের মূল ফরম।

(গ) এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র, প্রশংসাপত্র ও ০১ (এক) সেট ফটোকপি খামে জমা দিতে হবে।

(ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদনের সময় যে ছবি ব্যবহার করা হয়েছে সে ছবির ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।

(ঙ) খামের উপরে শিক্ষার্থীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস ও ব্লাড গ্রুপ লিখতে হবে।

(চ) পাঠ বিরতির ক্ষেত্রে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

(ছ) শিক্ষার্থীর জন্ম নিবন্ধন/NID এর ফটোকপি।

(জ) অভিভাবকের NID এর ফটোকপি।

(ঝ) শিক্ষা বোর্ড বৃত্তিপ্রাপ্তদের বৃত্তি গেজেটের কপি, ব্যাংক স্টেটমেন্ট ও বৃত্তি ফরম অবশ্যই জমা দিতে হবে।

২। **ভর্তি বাতিল সংক্রান্ত নিয়মাবলী:**

(ক) কোন শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির পর যদি কোনো কারণে ভর্তি বাতিল করতে চায় তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান অনুসরণপূর্বক নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে ভর্তি বাতিল করতে হবে।

বি:দ্র: (ক) **০১ সেপ্টেম্বর ২০২১ তারিখের বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০২০-২১/২০২১/১২৭ অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।**

(ক) **নির্ধারিত তারিখের মধ্যে উত্তীর্ণ প্রার্থী ভর্তি হতে ব্যর্থ হলে উত্তীর্ণ আবেদনকারীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে এবং এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ/ভর্তি কমিটি কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।**

প্রয়োজনে: শুধুমাত্র ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ অনার্স ভর্তির ক্ষেত্রে ০১৭১৫৬৭২১২৫/০১৭১২২৪০৬৫৬/ ০১৭১১১২১৪৯২।

প্রতি স্বাক্ষর

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর

আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণি ভর্তি কমিটি ২০২০-২০২১
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর